

ফাতওয়া নম্বার: ২৪৬

প্রকাশকাল: ০৫-০৪-২০২২ ইং

## শিশু সন্তানকে দেয়া হাদিয়া কি তার মা বাবা সাদাকা করতে পারবে?

**প্রশ্ন:**

শিশু সন্তানকে অনেকে টাকা পয়সা হাদিয়া দেয়। সন্তানের মা বাবা কি  
ওগুলো তার নামে সাদাকা করে দিতে পারবে?

**উত্তর:**

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد:

সন্তানকে কেন্দ্র করে যে হাদিয়া আসে, তা দুই রকম:

ক. সন্তানকে দেয়াই উদ্দেশ্য থাকে, পিতা মাতাকে নয়।

খ. সন্তানকে দেয়া উদ্দেশ্য থাকে না, উদ্দেশ্য থাকে পিতা মাতাকে দেয়া;  
যদিও সন্তানের নাম বলে দেয়া হয়।

সন্তানকে দেয়া উদ্দেশ্য, না পিতা মাতাকে দেয়া উদ্দেশ্য, তা হাদিয়ার  
পরিমাণ, ধরন, প্রথা প্রচলন এবং দাতার কথা ও ইশারা ইঙ্গিত ইত্যাদি  
থেকে বুঝা যাবে। -রদ্দুল মুহতার, কিতাবুল হিবা: ৫/৬৯৬

যদি পিতা মাতাকে দেয়া উদ্দেশ্য হয় তাহলে তারা তা যেকোনো খাতে  
খরচ করতে পারবেন। চাইলে সাদাকাও করতে পারবেন।

আর সন্তানকে দেয়া উদ্দেশ্য হলে তা সন্তানের মালিকানায চলে যাবে।  
তা থেকে সাদাকা করা বা কাউকে হাদিয়া দেয়া যাবে না। অবশ্য চাইলে  
সন্তানের পেছনে খরচ করতে পারবে। অন্যথায় সন্তান যোগ্য হওয়ার  
পর তাকে বুঝিয়ে দেবে। -আদদুররুফল মুখতার: ৫৬২ (কিতাবুল হিবা),  
৬৪৫ (কিতাবুল উদহিয়াহ)

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২১-০৮-১৪৪৩ হি.

২৫-০৩-২০২২ ঈ.

